রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, মে ২০, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**রেলপথ মন্ত্রণালয়**
**ভূমি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১০ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৫৪.০০.০০০০.০০০.০০৯.১৪.০০৬২.২২-১৫২**—বাংলাদেশ রেলওয়ের বিজ্ঞাপন ও ব্র্যান্ডিং সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য প্রণীত “বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন ও ব্র্যান্ডিং নীতিমালা, ২০২৬” বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হইল।

০২। জনস্বার্থে জারীকৃত এই নীতিমালা প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মাসুদ আলম**
সহকারী সচিব।


মূল্য : টাকা ১৬.০০

## বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন ও ব্র্যান্ডিং নীতিমালা-২০২৬

১.০০ **শিরোনাম:**

এই নীতিমালা "বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন ও ব্র্যান্ডিং নীতিমালা-২০২৬” নামে অভিহিত হইবে।

১.০১ **উদ্দেশ্য:**

জননিরাপত্তা এবং জনসাধারণ ও যানবাহনের স্বাভাবিক চলাচলে কোনরূপ প্রতিবন্ধকতা সৃষ্টি না করিয়া পরিবেশ বান্ধব মানরক্ষা করিয়া রেল/যানবাহনের দৃষ্টিগত প্রতিবন্ধকতার সৃষ্টি না হয় এমন ভূমি বা ভবনের দেওয়াল বা ছাদে বিজ্ঞাপন বোর্ড স্থাপনের মাধ্যমে রেলওয়ে অঙ্গন ও সংশ্লিষ্ট এলাকার নান্দনিক সৌন্দর্য্য বৃদ্ধি ও রাজস্ব আয় বৃদ্ধিকরণ।

১.০২ **পরিধি:**

এই নীতিমালা কেবলমাত্র বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন ভূমি ও স্থাপনায় এবং বিভিন্ন ধরনের বিজ্ঞাপন প্রচারের কাজে বরাদ্দের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২.০০ **সংজ্ঞা:**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়—

ক) ‘রেলওয়ে’ অর্থ বাংলাদেশ রেলওয়ে।

খ) ‘কর্তৃপক্ষ’ অর্থ সরকার বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা।

গ) ‘জনসংযোগ বিভাগ' বলিতে বাংলাদেশ রেলওয়ের জনসংযোগ দপ্তর ও ‘বাণিজ্যিক বিভাগ বলতে’ বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট বাণিজ্যিক বিভাগ।

ঘ) ‘কমিটি’ অর্থ এই নীতিমালার অধীন বিজ্ঞাপন বোর্ডের আবেদন বিবেচনা ও সুপারিশ, বিজ্ঞাপন বোর্ড স্থাপনের স্থান ও ভাড়া নির্ধারণের জন্য এই নীতিমালায় উপানুচ্ছেদ ৩.০২ ও ৩.০৪ অনুযায়ী গঠিত কমিটি।

ঙ) ‘ফরম’ অর্থ এই নীতিমালার সাথে সংযোজিত ফরম।

চ) ‘সাময়িক বা অস্থায়ী বরাদ্দ প্রাপক' অর্থ বিজ্ঞাপন প্রদর্শনের জন্য সাময়িক বরাদ্দ প্রাপ্ত ব্যক্তি বা ইজারা গ্রহীতা।

ছ) ‘বিজ্ঞাপন সাইন' অর্থ বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন ভূমি বা স্থাপনার উপর এবং যাত্রীবাহী ট্রেনের কোচের অভ্যন্তরে বা বাহিরে, ওয়াগনের বাহিরে বিধি-বিধান অনুসারে কোনো ব্যবসা বা পণ্যের প্রচার বা ব্র্যান্ডিং।

জ) ‘বিজ্ঞাপন বোর্ড/ফলক' বলিতে আংশিক বা সম্পূর্ণভাবে বাণিজ্যিক উদ্দেশ্যে স্থাপিত আলোকিত হোক বা না হোক যে কোনো শব্দ, অক্ষর, নোটিশ, ঘোষণা, মডেল, প্লাকার্ড বোর্ড, ইউনিপোল, বিল বোর্ড, সাইন বোর্ড, ওভারহেড সাইন, ডিভাইস ইত্যাদিকে বুঝাইবে।

ঝ) বিলবোর্ড/হোর্ডিং বোর্ড/Display বলিতে রেলওয়ে ভূমিতে, স্টেশন বিল্ডিং বা স্থাপনার দেওয়াল অথবা ছাদে স্থাপিত আলোকিত এলইডি বিজ্ঞাপন বোর্ড বুঝাইবে।

ঞ) লাইট বক্স বলিতে রেলওয়ে ভূমিতে, স্টেশন বিল্ডিং বা স্থাপনার দেওয়াল অথবা ছাদে স্থাপিত আলোকিত হোক বা না হোক যে কোনো শব্দ, অক্ষর, নোটিশ, ঘোষণা, বিল বোর্ড, সাইন বোর্ড, ওভারহেড সাইন, ডিভাইস ইত্যাদিকে বুঝাইবে।

ট) 'বিলবোর্ড/হোডিং বোর্ড' বলিতে রেলওয়ের ভূমিতে স্টেশন বিল্ডিং বা স্থাপনার দেওয়াল অথবা ছাদে স্থাপিত বিজ্ঞাপন বোর্ড বুঝাইবে।

ঠ) 'মেগা সাইন' অর্থ ভূমিতে স্থাপিত T আকৃতির অথবা ফ্লাগ আকৃতির সাইন।

ড) 'ইউনিপোল' অর্থ ভূমিতে স্থাপিত একটি স্বাধীন স্থাপনা যার সর্বোচ্চ অবস্থানে বিজ্ঞাপন প্রদর্শিত হইবে।

ঢ) 'ওয়াল সাইন' অর্থ রেলওয়ে স্থাপনা বা ভবনসমূহের দেওয়ালে ব্যাবসা প্রতিষ্ঠানের প্রদর্শিত সাইন।

ণ) 'ওভারহেড সাইন' অর্থ রেলওয়ে মালিকানাধীন ভূমিতে সড়ক পথের উপর প্রচলিত ফুট ওভারব্রীজ এর অনুরূপ উচ্চতায় প্রদর্শিত বিজ্ঞাপন সাইন বুঝাইবে।

ত) ভাড়া/ফি বলিতে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক কোনো প্রতিষ্ঠানের নিকট হইতে নির্দিষ্ট সময়ের জন্য রেলওয়ে কর্তৃপক্ষকে প্রদেয় অর্থ বুঝাইবে।

থ) স্বল্প মেয়াদী বিজ্ঞাপন বলিতে বিশেষ কোনো দিবস/উৎসব উপলক্ষে প্রদর্শিত সর্বোচ্চ ১৫(পনেরো) দিন মেয়াদের কোনো বিজ্ঞাপন যাহা সহজেই অপসারণযোগ্য।

**৩.০০ বিজ্ঞাপন দাতা নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি আহবান ও মূল্যায়ন কমিটি:**

**৩.০১ বিজ্ঞাপন আহ্বানকারী:**

সংশ্লিষ্ট অঞ্চলের প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক বিজ্ঞাপনের জন্য আগ্রহী বিজ্ঞাপনদাতাদের নিকট হইতে পত্রিকায় (০২টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় সংক্ষিপ্ত আকারে প্রকাশ এবং বাংলাদেশ রেলওয়ের ওয়েব সাইটে বিস্তারিত আকারে প্রকাশ করতে হবে) বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে আবেদন আহ্বান করিবে এবং এ সংক্রান্ত যাবতীয় দাপ্তরিক কার্যাদি তার কার্যালয় হইতে সম্পাদিত হইবে।

**৩.০২** সকল বিভাগীয়/মেট্রোপলিটন শহর এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে গৃহীত আবেদন যাচাই-বাছাই, বিবেচনা ও সুপারিশের জন্য নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে বিজ্ঞাপন মূল্যায়ন কমিটি গঠিত হইবে:

| | |
|---|---|
| ক। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) | : আহ্বায়ক |
| খ। রেলপথ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | : সদস্য |
| গ। যুগ্ম-মহাপরিচালক (প্রকৌশল) | : সদস্য |
| ঘ। সংশ্লিষ্ট অঞ্চলের প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক | : সদস্য |

| | |
|---|---|
| ঙ। সংশ্লিষ্ট অঞ্চলের প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী | : সদস্য |
| চ। সংশ্লিষ্ট অঞ্চলের প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা | : সদস্য |
| ছ। সংশ্লিষ্ট বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক | : সদস্য |
| জ। পরিচালক (জনসংযোগ) | : সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) কমিটি ১ মাসের মধ্যে প্রাপ্ত আবেদন/আবেদনসমূহ নীতিমালা অনুযায়ী পর্যালোচনা করে তাদের সুপারিশ পেশ করিবে;

(খ) কমিটি বা উহার পক্ষে একজন কর্মকর্তা ৩(তিন) মাস অন্তর অন্তর সরেজমিনে অনুমোদিত বিজ্ঞাপনসমূহ যথাযথ শর্তানুযায়ী প্রদর্শিত হইতেছে কি না, তাহা পরিদর্শন করিবে এবং এ সংক্রান্ত রিপোর্ট বিজ্ঞাপন মূল্যায়ন কমিটি এবং জনসংযোগ দপ্তরের পরিচালক বরাবর জমা প্রদান করিবেন।

(গ) কমিটি কাজের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৩.০৩ কমিটির সুপারিশে মোট চুক্তি মূল্য ১ (এক) কোটি টাকা পর্যন্ত মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং ১(এক) কোটি টাকার ঊর্ধ্বের মূল্যমানের অনুমোদন রেলপথ মন্ত্রণালয় হইতে গ্রহণ করিতে হইবে।

৩.০৪ বিভাগীয়/মেট্রোপলিটন শহর ব্যতীত অন্য সকল এলাকার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের (০২টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় সংক্ষিপ্ত আকারে প্রকাশ এবং বাংলাদেশ রেলওয়ের ওয়েব সাইটে বিস্তারিত প্রকাশ করতে হবে) মাধ্যমে গৃহীত আবেদন বিবেচনা ও সুপারিশের জন্য নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে কমিটি গঠিত হইবে:

| | |
|---|---|
| ক। সংশ্লিষ্ট প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক | : আহ্বায়ক |
| খ। সংশ্লিষ্ট বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী | : সদস্য |
| গ। সংশ্লিষ্ট বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা | : সদস্য |
| ঘ। সংশ্লিষ্ট বিভাগীয় প্রকৌশলী | : সদস্য |
| ঙ। সংশ্লিষ্ট বিভাগীয় বাণিজ্যিক কর্মকর্তা | : সদস্য |
| চ। উপ-পরিচালক/সহকারী পরিচালক (জনসংযোগ) | : সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) কমিটি প্রাপ্ত আবেদনসমূহ হতে ১ (এক) মাসের মধ্যে এতদ সংক্রান্ত সুপারিশ অনুমোদনকারী কর্তৃপক্ষের বরাবরে পেশ করিবে;

(খ) কমিটি কাজের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৩.০৫ কমিটির সুপারিশে ৫০ লক্ষ টাকা মূল্যমান পর্যন্ত সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক, ৫০ লক্ষের উর্ধ্বে কিন্তু ১ (এক) কোটি টাকা পর্যন্ত মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং ১ (এক) কোটি টাকার তদূর্ধ্ব মূল্যমানের অনুমোদন রেলপথ মন্ত্রণালয় হইতে গ্রহণ করিতে হইবে।

৪.০০ **আবেদনপত্রের নমুনা:**

বিজ্ঞাপন বোর্ড স্থাপনের জন্য আবেদনপত্রের নমুনা (সংলগ্নী-১ দ্রষ্টব্য)।

৪.০১ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত ফরমে বিজ্ঞাপন বোর্ড স্থাপনের জন্য বিভাগীয়/মেট্রোপলিটন শহর এলাকার জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং অন্য সকল এলাকার জন্য সংশ্লিষ্ট অঞ্চলের মহাব্যবস্থাপক বরাবর আবেদন দাখিল করিতে পারিবেন।

**৫.০০ আবেদন বাছাই:**

আবেদন যাচাই-বাছাই, বিবেচনা ও সুপারিশের ক্ষেত্রে বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কমিটি নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনা করিবেঃ

ক) বিধি অনুযায়ী আবেদন করা হইয়াছে কি না?

খ) বিবেচ্য স্থানটি বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন কি না এবং বরাদ্দের জন্য নিষ্কন্টক কি না?

গ) আবেদিত স্থানে অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বরাদ্দ দেওয়া আছে কি না?

ঘ) আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিজ্ঞাপন ভাড়া বাবদ কোনো বকেয়া পাওনা আছে কি না?

ঙ) আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে পূর্বে কোনো অভিযোগ ছিল কি না কিংবা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছিল কি না?

চ) এতদসংক্রান্ত সরকারি প্রচলিত আইন বিধির সাথে সাংঘর্ষিক কি না?

ছ) আবেদনের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছলতার মূল প্রত্যয়ন পত্র, হালনাগাদ (সর্বশেষ বৎসরের) ট্রেড লাইসেন্স, ছবি, ভ্যাট, জাতীয় পরিচয়পত্র, হালনাগাদ আয়কর পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন, নাগরিকত্ব সনদপত্র সংযোজন করিতে হইবে।

জ) আবেদনকারী কর্তৃক আবেদন পত্রের সাথে বিজ্ঞাপন বোর্ড স্থাপনার সংশ্লিষ্ট এলাকা চিহ্নিত করিয়া মৌজা ম্যাপসহ নির্মাণ কাঠামোর বিস্তারিত নকশাসহ পেশ করিতে হইবে। স্থাপনা/এলইডি/রোলিং স্টক প্রভৃতি বিজ্ঞাপন প্রদর্শনের আবেদন পত্রের সাথে CAD (Computer Aided Design) সংযুক্ত করিতে হইবে।

**৬.০০ অনুমোদন:**

প্রাপ্ত আবেদনসমূহ হইতে বিজ্ঞাপন মূল্যায়ন কমিটি যথাযথ যাচাই অন্তে সর্বোচ্চ মূল্য উদ্ধৃতকারী নির্বাচন করত: একটি সুপারিশ প্রস্তুত করিয়া অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে, কর্তৃপক্ষ সুপারিশ প্রাপ্ত হইবার ১(এক) মাসের মধ্যে অনুমোদন সংক্রান্ত সিদ্ধান্ত প্রদান করিবেন। যাত্রীসেবার আনুষঙ্গিক উপকরণ সরবরাহের শর্তে স্বল্প মেয়াদী বিজ্ঞাপন সংশ্লিষ্ট অঞ্চলের প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপকের সুপারিশের ভিত্তিতে মহাব্যবস্থাপকের অনুমোদনক্রমে তফসিলে উল্লিখিত ভাড়ার হারে প্রচারিত হইবে।

**৬.০১ বাণিজ্যিক বিজ্ঞাপন বোর্ড বরাদ্দে বিবেচ্য শর্তাবলি:**

ক) একটি ষ্টেশনে একাধিক স্থানে এক বা একের অধিক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে গৃহীত আবেদনের প্রেক্ষিতে ভাড়া প্রদান করিতে হইবে।

খ) আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রস্তাবনা নীতিমালা মোতাবেক বাছাই ও মূল্যায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৩(তিন) বৎসরের জন্য বিজ্ঞাপন বোর্ড স্থাপন/বিজ্ঞাপন প্রচারের জন্য আবেদন  আহবান করা যাইবে।

গ) প্রথম মেয়াদের ৩(তিন) বৎসর অতিক্রান্তের অন্তত: ০৩(তিন) মাস পূর্বে নতুনভাবে পরবর্তী ৩(তিন) বৎসরের জন্য বিজ্ঞাপন বোর্ড স্থাপনের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে আবেদন আহ্বানের প্রক্রিয়া শুরু করিতে হইবে। বিধি মোতাবেক ২ (দুই) বার  আবেদন আহ্বানের পর নির্দিষ্ট সময়ের মধ্যে নতুন আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে আবেদন পাওয়া না গেলে, সেইক্ষেত্রে ভাড়া/ফি প্রথম বৎসরে ৫% এবং দ্বিতীয় বৎসরে উক্ত আয়ের উপর আরো ৫%  বর্ধিত হারে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে পরবর্তী ০২(দুই) বৎসরের জন্য বিজ্ঞাপন বোর্ড স্থাপন/বিজ্ঞাপন প্রচারের অনুমতি দেওয়া যাইতে পারে। তবে এই ক্ষেত্রে নতুন হারে জামানত প্রদান করিতে হইবে। উল্লেখ্য, প্রাপ্ত সকল আবেদন মূল্যায়ন শেষে নির্বাচিত/কৃতকার্য আবেদন ব্যতীত অন্যান্য সকল আবেদনকারীর জামানত ৩ (তিন) মাসের মধ্যে ফেরত প্রদান করিতে হইবে।

ঘ) প্রতি বৎসর ১ জুলাই হইতে পরবর্তী বৎসরের ৩০ জুন পর্যন্ত বৎসর গণনা করিতে হইবে।

ঙ) কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানকে ন্যূনতম ১ (এক) বৎসরের কম সময়ের জন্য বিজ্ঞাপন বোর্ড স্থাপনের অনুমতি দেওয়া যাইবে না।

চ) কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট স্টেশনের জন্য নির্ধারিত ন্যূনতম বিজ্ঞাপন মূল্যের সমান বা অধিক হার উল্লেখপূর্বক আবেদন করিতে হইবে।

ছ) কোনো স্টেশনে বিজ্ঞাপন বোর্ড স্থাপনের জন্য পত্রিকায় প্রকাশিত  বিজ্ঞপ্তির মাধ্যমে গৃহীত আবেদনের মাধ্যমে এই নীতিমালায় বর্ণিত ন্যূনতম ভাড়া/ফি'র সমান/উপর তবে কোনোক্রমেই এই নীতিমালায় বর্ণিত নির্ধারিত  ভাড়া/ফি'র কমে কোনো আবেদন গৃহীত হইবে না। সর্বোচ্চ ভাড়া/ফি উদ্ধৃতকারীর আবেদন বিধি মোতাবেক বিবেচনা করা হইবে।

জ) বিজ্ঞাপন বোর্ড রেললাইন হইতে নিরাপদ দূরত্বে স্থাপন করিতে হইবে যাহাতে ট্রেন চলাচলের নিরাপত্তা বিঘ্ন না ঘটে ও ট্রেন চালক/কারিগরী লোকের দৃষ্টি বাধাগ্রস্ত না হয়। বিজ্ঞাপন সাইন যেই উচ্চতায় স্থাপিত হইবে সেই উচ্চতার পরিমাপের সহিত আরো ৭ (সাত) ফুট যোগ করিলে যে পরিমাপ দাঁড়াইবে, রেললাইনের কেন্দ্র (সেন্টার লাইন) হইতে ন্যূনতম সেই দূরত্বে বিজ্ঞাপন বোর্ড স্থাপন করিতে হইবে। যাহাতে বিজ্ঞাপন বোর্ড কোনো কারণে ভাঙ্গিয়া গেলে যেন ট্র্যাকের উপর না পড়ে এবং কোনো ধরনের দুর্ঘটনা না ঘটে। প্রতি মাসে নতুন স্থাপিত বিজ্ঞাপন বোর্ডের একটি তালিকা সংশ্লিষ্ট প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক ও প্রধান প্রকৌশলীর নিকট প্রেরণ করিতে হইবে।

ঝ) কর্তৃপক্ষ যথাযথ কারণ প্রদর্শনপূর্বক জনস্বার্থে সময়সীমা অতিক্রান্ত হইবার পূর্বেই অনুমোদন বাতিল করিতে পারিবে এবং বিজ্ঞাপন বোর্ডের অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা নির্ধারিত সময় সীমার মধ্যে উক্ত বিজ্ঞাপন বোর্ড অপসারণ করিতে বাধ্য থাকিবে। তবে শর্ত থাকিবে যে, এইক্ষেত্রে বরাদ্দপ্রাপ্ত প্রাপক'কে বিজ্ঞাপন বোর্ড সরাইবার নোটিশ প্রদানের ১৫ দিনের মধ্যে অপসারণ কাজ সম্পন্ন করিতে হইবে।

ঞ) কোনো স্থানের ঐতিহাসিক বা পুরাকীর্তি বা আদি সৌন্দর্য বিঘ্নিত করিয়া অথবা অন্য কোনো প্রতিষ্ঠানের বা সংস্থার কোনো অসুবিধা বা প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়া বিজ্ঞাপন বোর্ড স্থাপন করা যাইবে না। ইহা ছাড়া সংশ্লিষ্ট স্থানের প্রাকৃতিক বা পরিবেশগত সৌন্দর্য বিঘ্নিত হয় এমন স্থান বিজ্ঞাপনের জন্য বিবেচনা করা যাইবে না।

ট) বিজ্ঞাপন বোর্ড স্থাপনে কোনো মহাসড়ক বা সড়কে নিরাপদে যানবাহন চলাচলে দৃষ্টিগত প্রতিবন্ধকতার সৃষ্টি করে এমন স্থান বিজ্ঞাপনের জন্য বরাদ্দ দেওয়া যাইবে না। এ ক্ষেত্রে রেলওয়ে ট্রান্সপোর্টেশন, প্রকৌশল, সিগন্যাল ও মেকানিক্যাল বিভাগের মতামত গ্রহণ করিতে হইবে।

ঠ) বিজ্ঞাপন বোর্ডের নিম্নাংশে যে কোনো কর্ণারে নিজ প্রতিষ্ঠান/সংস্থার নাম, লোগো ও ফোন/মোবাইল নম্বর মুদ্রণ করিতে হইবে, অন্যথায় তাহা অবৈধ হিসাবে বিবেচিত হইবে।

ড) ধর্মীয় বা রাজনৈতিক বিষয়ে অনুভূতিতে আঘাত লাগে বা জনমনে কোনো ঘৃণা/লজ্জার উদ্রেক হয় বা উত্তেজনার সৃষ্টি হয় কিংবা সরকার বা অন্য কোনো প্রতিষ্ঠানের ভাবমূর্তি/মান ক্ষুণ্ণ হয় এমন কোনো বক্তব্য, ছবি বা দৃশ্য বিজ্ঞাপন সাইনে স্থাপন করা যাইবে না।

ঢ) বরাদ্দ অনুযায়ী নির্দিষ্ট পরিমাপের বিজ্ঞাপন বোর্ড স্থাপন করিতে হইবে।

ণ) বরাদ্দ গ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্হা এই নীতিমালার প্রতিটি শর্ত পালনে বাধ্য থাকিবেন।

৬.০২ **আবেদন মঞ্জুর অথবা বাতিল:**

সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষ 'বিজ্ঞাপন মূল্যায়ন কমিটি' কর্তৃক অনুমোদিত/মূল্যায়িত আবেদন/সুপারিশ মঞ্জুর বা আংশিক মঞ্জুর বা বাতিল করিবার কিংবা ক্ষেত্রভেদে বিশেষ শর্ত আরোপসহ মঞ্জুর করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

**৭.০০ কাঠামোগত মৌলিক পরিবর্তন নিষিদ্ধ:**

ক) বাংলাদেশ রেলওয়ের যথাযথ কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমতি ছাড়া বরাদ্দ গ্রহীতা বিজ্ঞাপন বোর্ডের কাঠামোগত কোনো মৌলিক পরিবর্তন করিতে পারিবে না।

খ) অনুমোদিত বিজ্ঞাপন সাইনের মালিকানা পরিবর্তন করা অথবা সাবলেট দেওয়া যাইবে না।

গ) ভবিষ্যতে বিজ্ঞাপন বোর্ডের প্রচারণায় কোনো রকম পরিবর্তন অথবা বিজ্ঞাপন বোর্ডের কোনো ধরনের পরিবর্তন বা স্থানান্তরের ক্ষেত্রে বাংলাদেশ রেলওয়ের বিজ্ঞাপন কমিটির সুপারিশ ও অনুমোদনকারী কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

**৮.০০ অনিরাপদ ও বেআইনী সাইন:**

**৮.০১ দায়বদ্ধতা :**

(ক) বিজ্ঞাপন সাইনের জন্য অনুমোদিত ব্যক্তি বা সংস্থা বা প্রতিষ্ঠান বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষের কোনো প্রকার সহায়তা ছাড়াই সাইনের নিরাপত্তা নিশ্চিত করিবে।

(খ) রেলওয়ের স্থাপনায় স্থাপিত বিজ্ঞাপন/বিলবোর্ড ভাঙ্গিয়া পড়িলে বা অন্য কোনো কারণে কোনো ব্যক্তি/সম্পত্তি ক্ষতিগ্রস্ত হইলে ইহার জন্য সকল ক্ষতিপূরণ বিজ্ঞাপন প্রদানকারী ব্যক্তি/সংস্থা/ প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে।

(গ) প্রাকৃতিক দুর্যোগ বা অন্য কোনো কারণে বিজ্ঞাপন বোর্ড/বিলবোর্ড ভাঙ্গিয়া পড়িলে বা ক্ষতিগ্রস্ত হইলে বিজ্ঞাপন সাইন এর বরাদ্দ গ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠান বা সংস্থার নিজ খরচে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে অপসারণ/পুনঃস্থাপন করিবে। অন্যথায় বাংলাদেশ রেলওয়ে উক্ত বিজ্ঞাপন বোর্ড অপসারণ করিবে এবং ইহার মালামাল জব্দ করিবে। ইহার জন্য সকল ক্ষতিপূরণ বরাদ্দ গ্রহীতা ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে।

(ঘ) রেলওয়ে স্থাপনায় (বিল্ডিং, বিল্ডিং এর দেওয়াল, ছাদ, প্লাটফরম, ফুট ওভারব্রীজ ইত্যাদি) স্থাপিত বিজ্ঞাপন বোর্ড/বিল বোর্ড এর কারণে ঐ সকল স্থাপনা এবং স্থাপনার সুপার স্ট্রাকচারের কোনো ক্ষতি হইলে উক্ত ক্ষতির জন্য সংশ্লিষ্ট বিজ্ঞাপন বোর্ড/বিল বোর্ড স্থাপনকারী প্রতিষ্ঠান ক্ষতিপূরণ প্রদান করিতে বাধ্য থাকিবে।

(ঙ) বিজ্ঞাপন প্রচারের মেয়াদ শেষ হওয়ার দিন বিজ্ঞাপন বরাদ্দ গ্রহীতা নিজ খরচে প্রদর্শিত বিজ্ঞাপন এবং মালামালসমূহ অপসারণ করিবেন। বরাদ্দ গ্রহীতা মেয়াদ উত্তীর্ণের ৭ (সাত) দিনের মধ্যে উহা অপসারণ না করিলে রেলওয়ে কর্তৃক নিজস্ব উদ্যোগে বিজ্ঞাপন বোর্ড অপসারণ করিতে পারিবেন এবং এইরূপ অপসারণ বাবদ যাবতীয় খরচ বিজ্ঞাপন গ্রহীতার নিকট হইতে কিংবা তাহার জমাকৃত জামানত হইতে সমন্বয় করা হইবে।

৮.০২ **নিষিদ্ধ বিজ্ঞাপন :**

নিম্নবর্ণিত বিজ্ঞাপন/সাইনেজ অনুমোদনের জন্য বিবেচিত হইবে না:

ক) অশ্লীল, কুৎসিত, বিরক্তিকর, অমার্জিত, বীভৎস অথবা আপত্তিজনক শব্দ বা ভাষা সম্বলিত বিজ্ঞাপন;

খ) বিজ্ঞাপনে এমন বাণী প্রদর্শন যা রাষ্ট্রের ভাবমূর্তি কিংবা সার্বভৌমত্বকে প্রশ্নবিদ্ধ করে;

গ) জনগণের বা বিশেষ শ্রেণীর ব্যক্তির অনুভূতির বা বিশ্বাসের উপর আঘাত হানিতে পারে;

ঘ) কোনো গোষ্ঠীর ধর্মীয় অনুভূতিতে আঘাত করে;

ঙ) তামাক কিংবা তামাকজাত পণ্য সংক্রান্ত কোনো সাইন;

চ) দেশের অন্যান্য প্রচলিত আইনে নিষিদ্ধ এমন সাইন।

**৯.০০ রাস্তা সংলগ্ন বিজ্ঞাপন সাইনের ক্ষেত্রে বিধি নিষেধ:**

নিম্নেবর্ণিত ক্ষেত্রে রাস্তার উপর বা নিকটে কোন বিজ্ঞাপন সাইনেজ/বিলবোর্ড স্থাপন করা যাইবে না:

ক) রাস্তার মোড়, ইন্টারসেকশন অথবা যানবাহন বা জন চলাচল এর জন্য প্রতিবন্দ্বক/দৃষ্টি বাধাগ্রস্ত করে এমন স্থান।

খ) রেলওয়ে লেভেলক্রসিং, ব্রীজ অথবা ইন্টারসেকশন হইতে ৫০ ফুট দূরত্বের মধ্যেকার কোনো স্থান।

গ) সরকারি কোনো অফিসিয়াল ট্রাফিক সাইনকে/রাস্তা সংক্রান্ত কোন পথনির্দেশনাকে আড়াল করে, এমন স্থান বা স্থানসমূহের ক্ষেত্রে।

**১০.০০ আলোকিত ডিসপ্লের ক্ষেত্রে বিজ্ঞাপন সাইনের বিধি নিষেধ:**

ক) ট্রাফিক সেফটির প্রতি প্রতিবন্ধকতা সৃষ্টিকারী আলোকিত বিজ্ঞাপন সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

খ) আলোকিত বা বৈদ্যুতিক বিজ্ঞাপন যাহার আলোকচ্ছটা/তীব্রতা যানবাহনের চালক এবং পথচারীর দৃষ্টিকে বিভ্রান্ত করে।

গ) ফ্লাসিং বিজ্ঞাপন অথবা তীব্র উজ্জ্বলতা বিশিষ্ট অবিরাম বাতির বিজ্ঞাপন।

ঘ) বিভিন্ন বর্ণিল, উজ্জ্বলতার অথবা ফ্লাশসমৃদ্ধ বিজ্ঞাপন যা অফিসিয়াল ট্রাফিক লাইট, ট্রাফিক সিগন্যাল প্রভৃতির স্বাভাবিক দৃশ্যমানকে বাধার সৃষ্টি করে অথবা উহাদের কার্যকারিতা হ্রাস করে।

**১১.০০ কারিগরী নির্দেশনা:**

বিজ্ঞাপন/বিল বোর্ড নির্মাণ ও স্থাপনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনায় রাখিতে হইবে:

ক) সকল বিজ্ঞাপন সাইন ও তাহার ভিত্তি এবং সংযোগ শক্ত, মজবুত ও ভূমিকম্প সহনীয় হইতে হইবে। ডিজাইন কাঠামো অবশ্যই উচ্চ মাত্রার বাতাস (ঝড়) সহ্যক্ষম হইতে হইবে।

খ) বিজ্ঞাপন সাইন অবশ্যই অদাহ্য পদার্থ বা উপকরণের দ্বারা তৈরী হইতে হইবে।

গ) প্রতি ইউনিট এলইডি সাইন/টিভি/বোর্ড এর সর্বোচ্চ পরিমাপ দৈর্ঘ্যে ৪০ ফুট প্রস্থ ২৫ ফুট হইতে পারিবে।

ঘ) বিলবোর্ড এর সর্বোচ্চ পরিমাপ দৈর্ঘ্যে ৪০ ফুট প্রস্থ ২৫ ফুট এবং ভূমি (ভিত্তি) হইতে সর্বোচ্চ ২৫ ফুট উঁচু হইতে হইবে।

ঙ) ইউনিপোল এর সর্বোচ্চ পরিমাপ দৈর্ঘ্যে ৩০ ফুট প্রস্থ ১৫ ফুট এবং ভূমি (ভিত্তি) হইতে সর্বোচ্চ ২৫ ফুট উঁচু হইতে হইবে।

চ) মেগাসাইন এর সর্বোচ্চ পরিমাপ দৈর্ঘ্যে ৬ ফুট প্রস্থ ৪ ফুট এবং ভূমি (ভিত্তি) হইতে সর্বোচ্চ ১৫ ফুট উঁচু হইতে হইবে।

ছ) ওভারহেড সাইন এর উচ্চতা প্রচলিত ফুট ওভারব্রীজ এর অনুরূপ তবে ভূমি হতে ন্যুনতম ২০ ফুট উঁচুতে, দৈর্ঘ্য রাস্তার পরিমাপ অনুযায়ী এবং প্রস্থ সর্বোচ্চ ৫ ফুট হইতে হইবে।

**১২.০০ রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন:**

**১২.০১ রক্ষণাবেক্ষণ:**

বিজ্ঞাপন সাইন এবং এতদসম্পর্কিত স্থাপনার বিভিন্ন উপকরণ নিখুঁতভাবে নিজ দায়িত্বে বিজ্ঞাপনদাতা কর্তৃক রক্ষণাবেক্ষণ করিতে হইবে এবং কোন কারণে স্থাপনাটি দুর্বল হইয়া পড়িলে বিজ্ঞাপনদাতা কর্তৃক তাহা খুব দ্রুত মেরামত করিতে হইবে। সকল প্রকার ধাতব উপকরণ প্রতি বছর একবার করিয়া রং করিতে হইবে। সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা না হইলে রেলওয়ে কর্তৃপক্ষের নির্দেশক্রমে বিজ্ঞাপন প্রদানকারী পক্ষ কর্তৃক নিজ খরচে সরাইয়া নিতে বাধ্য থাকিবে।

**১২.০২ পরিদর্শন:**

রেলওয়ের সংশ্লিষ্ট বিভাগ বা শাখা অথবা রেলওয়ের উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্ত/সম্পাদিত চুক্তিপত্রে বর্ণিত কোনো কর্মকর্তা বা মন্ত্রণালয়ের কোনো কর্মকর্তা যে কোনো সময় যে কোনো বিজ্ঞাপন সাইন পরিদর্শন করিতে পারিবে। সাইন মালিক পরিদর্শনকারী কর্মকর্তাকে সকল প্রকার সহযোগিতা ও পরিদর্শনের জন্য প্রবেশাধিকার নিশ্চিত করিবেন।

**১৩.০০ বাৎসরিক ভাড়া ও জামানত:**

১) সরকার সময়ে সময়ে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে এই নীতিমালায় বর্ণিত ভাড়া সংক্রান্ত তফসিল সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করিতে পারিবে।

২) অনুমোদন প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান বিজ্ঞাপন সাইনের বরাদ্দ প্রাপক মোট বাৎসরিক ভাড়া/ফি এর ৩০% জামানত হিসাবে বাংলাদেশ রেলওয়েকে প্রদান করিবেন। বাৎসরিক ভাড়া/ফি সম্পূর্ণ পরিশোধ করিবার পর বাংলাদেশ রেলওয়ে এবং সংশ্লিষ্ট বরাদ্দ প্রাপকের মধ্যে চুক্তি সম্পাদিত হইবে। জামানতের অর্থ চুক্তির মেয়াদ শেষে ৩(তিন) মাসের মধ্যে ফেরতযোগ্য হইবে। তবে বিচ্যুতির কারণে চুক্তি বাতিলপূর্বক নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ণ বা আংশিক বাজেয়াপ্ত করা যাইবে।

৩) অনুমোদন প্রাপ্ত বিজ্ঞাপন সাইনের মালিক লিখিত নোটিশ প্রাপ্তির ২ (দুই) সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট জনসংযোগ বিভাগে ভাড়া/ফি এবং জামানতের অর্থ পরিশোধ করিবেন। ভাড়া/ফি জমা প্রদানের ক্ষেত্রে ধার্য্যকৃত বাৎসরিক ভাড়া/ফি অথবা চুক্তিকালীন সমুদয় ভাড়া/ফি অগ্রিম ভিত্তিতে বাংলাদেশ রেলওয়ের অনুকূলে এ-চালান এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে। জামানতের অর্থ সংরক্ষণের ক্ষেত্রে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা প্রদান করা যাইবে। এ-চালান/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জাল বা ভূয়া প্রমাণিত হইলে সংশ্লিষ্ট বিজ্ঞাপনী সংস্থাকে কালো তালিকাভুক্ত করা হইবে এবং বরাদ্দাদেশ বাতিলপূর্বক ব্যক্তি/ প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

**১৩.০১ বিজ্ঞাপন কর, ভাড়া, জামানত, সার্ভিস চার্জ ইত্যাদি পরিশোধ:**

বিজ্ঞাপন বোর্ডের ব্যাপারে বাংলাদেশ রেলওয়ে যেই হারে ভাড়া, চার্জ বা ফি নির্ধারণ করিবে সংশ্লিষ্ট বিজ্ঞাপনী সাইনের মালিক তাহা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিবেন এবং বিজ্ঞাপন বোর্ডে ব্যবহৃত বিদ্যুৎ, পানি, গ্যাস বা অন্য কোনো সার্ভিস ব্যবহৃত হইলে সংশ্লিষ্ট বিজ্ঞাপনী সাইনের মালিক তাহার জন্য প্রয়োজনীয় চার্জ, ফি বা বিল পৃথকভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ-চালানের মাধ্যমে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

**১৪.০০ সংরক্ষিত সাইন এলাকা:**

ক) কর্তৃপক্ষ জনকল্যাণের স্বার্থে যে কোনো এলাকাকে সংরক্ষিত সাইন এলাকা হিসেবে ঘোষণা করিতে পারিবেন।

খ) সংরক্ষিত সাইন এলাকায় সাইন প্রদর্শন নিষিদ্ধ অথবা কর্তৃপক্ষের বিবেচনায় সংরক্ষণের প্রয়োজনীয়তা দেখা দিলে বিশেষ ক্ষেত্রে শুধুমাত্র বিশেষায়িত (Classified) সাইন স্থাপন করা হইবে।

গ) কর্তৃপক্ষ প্রয়োজনে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে উল্লিখিত নিয়মাবলি যে কোনো সময় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/ বিয়োজন করিতে পারিবেন।

**১৫.০০ বিজ্ঞাপন ফলক প্রদর্শন:**

বরাদ্দ গ্রহীতা বিজ্ঞাপন বোর্ড স্থাপনের অনুমতি পাওয়ার ৩০ দিনের মধ্যে অবশ্যই বিজ্ঞাপন সাইন স্থাপন করিবেন। অন্যথায় বিজ্ঞাপন বোর্ড স্থাপনের অনুমতি উক্ত সময়সীমা অতিবাহিত হইবার সঙ্গে সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে এবং বাংলাদেশ রেলওয়ের পাওনা, সংশ্লিষ্ট বিজ্ঞাপন বোর্ড এর মালিকের জামানতের অর্থের সহিত সমন্বয় করিয়া অবশিষ্ট অর্থ (যদি থাকে) ফেরত প্রদান করা হইবে। তবে শর্ত থাকে যে, বরাদ্দ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ে বিশেষ বিবেচনায় অতিরিক্ত ১০% বিজ্ঞাপন ফি এ-চালানের মাধ্যমে প্রদান সাপেক্ষে অনধিক ১৫ (পনের) দিন সময় বর্ধিত করিতে পারিবে।

**১৬.০০ বাতিলকৃত বরাদ্দাদেশ পুনর্বহাল:**

নীতিমালার শর্ত ভঙ্গজনিত কারণ ব্যতিরেকে অন্য কোনো কারণে কোনো বরাদ্দাদেশ বাতিল করা হইলে বিজ্ঞাপন বোর্ডের জন্য ধার্য্যকৃত ৬(ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ জরিমানা হিসাবে এ-চালানের মাধ্যমে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমা প্রদান করিয়া বরাদ্দ পুনর্বহাল এর জন্য আবেদন করিতে পারিবে এবং এই ক্ষেত্রে বিজ্ঞাপন কমিটি কর্তৃক আবেদন বিবেচিত হইলে বরাদ্দাদেশ পুনর্বহাল করা যাইবে, অন্যথায় প্রদত্ত অর্থ ফেরৎ দেওয়া হইবে।

**১৭.০০ জরিমানা:**

এ নীতিমালার যে কোন শর্ত অগ্রাহ্য করিয়া যদি অনুমোদিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা বিজ্ঞাপন বোর্ড স্থাপন, স্থানান্তর, পুনঃস্থাপন অথবা এতদসংক্রান্ত কোনো কাজ করিয়া থাকে তাহা হইলে:

ক) উক্ত অনুমোদন বাতিল বলিয়া গণ্য হইবে;

খ) জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে;

গ) গুরুতর অপরাধের ক্ষেত্রে কালো তালিকাভুক্ত করা হইবে;

ঘ) উচ্ছেদ কাজের জন্য ব্যয়িত অর্থ আদায়ের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে;

ঙ) বিজ্ঞাপনের জন্য আবেদনকারী পক্ষ কর্তৃক উদ্দেশ্যমূলকভাবে দায়েরকৃত মামলার কারণে ইজারা কার্যক্রমে দীর্ঘ বিলম্ব হইলে উক্ত মামলাকালীন সময়ের জন্য আদালতের সিদ্ধান্ত সাপেক্ষে, বিজ্ঞাপন আহবানকারী পক্ষ বরাবর উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান করিতে বাধ্য থাকিবে;

চ) বরাদ্দ গ্রহীতা কর্তৃক নীতিমালা বা চুক্তিপত্র লঙ্ঘন সংক্রান্ত বিষয়ে বিজ্ঞাপন অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনসংযোগ দপ্তর কর্তৃক পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

**১৮.০০ বাণিজ্যিক বিজ্ঞাপন সাইনের ভাড়া/ফি আদায় পদ্ধতি:**

১৮.০১ নতুন বরাদ্দ গ্রহীতার অনুকূলে পাওনা ভাড়া/ফি আদায়ের জন্য জনসংযোগ দপ্তর হইতে ডিমান্ড নোটিশ জারী করা হইবে। ডিমান্ড নোটিশ এর এক কপি এফএএন্ডসিএও/চট্টগ্রাম বা রাজশাহী দপ্তরে, এক কপি প্রাপকের নিকট এবং এক কপি জনসংযোগ দপ্তরে থাকিবে। প্রাপকের নিকট পাঠানোর ক্ষেত্রে ডিমান্ড নোটিশের কপি রেজিষ্টার্ড ডাকযোগে পাঠানো হইবে এবং দাপ্তরিক পিয়ন বুক ও রেজিষ্টারে এতদসংক্রান্ত তথ্য সংরক্ষণ করিতে হইবে। সংশ্লিষ্ট জনসংযোগ কর্মকর্তা ডিমান্ড নোটিশ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করিবেন।

১৮.০২ বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ভাড়া/ফি এর হার বৃদ্ধি করা হইলে সেই ক্ষেত্রে বর্ধিত ভাড়া/ফি এর জন্য অতিরিক্ত অর্থ পরিশোধের জন্য বরাদ্দ গ্রহীতাকে ডিমান্ড নোটিশ প্রদান করা হইবে।

১৮.০৩ জনসংযোগ দপ্তর কর্তৃক এ সংক্রান্ত সকল ধরনের সাচিবিক সহায়তা প্রদান, নথি রক্ষণাবেক্ষণ অর্থ/ফী সমূহ আদায় ইত্যাদি দায়িত্ব পালন করিবে। এছাড়া জনসংযোগ দপ্তর বা উহার আঞ্চলিক অফিসে বিজ্ঞাপন সাইন সংক্রান্ত একটি আলাদা রেজিষ্টার থাকিবে। এই রেজিষ্টারে বরাদ্দ গ্রহীতার নাম ও ঠিকানা, বিজ্ঞাপন বোর্ডের স্থান, সাইজ ও ধরণ, ভাড়া/ফি এর হার, মেয়াদ, ডিমান্ড নোটিশ এর নম্বর, প্রেরণের ও প্রাপ্তির তারিখ, জমা প্রদানকৃত এ-চালান এর নম্বর, তারিখ ও অন্যান্য তথ্যসহ বাৎসরিক ভাড়া/ফি এর টাকার পরিমাণ/ জামানতের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/এ-চালানের তথ্য আলাদা কলামে উল্লেখ করিতে হইবে। বরাদ্দ গ্রহীতা কর্তৃক প্রদত্ত এ-চালান এবং জামানতের জন্য প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর স্বপক্ষে হিসাব বিভাগের সনদ সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করিতে হইবে। এ নীতিমালার আওতায় সম্পাদিত কার্যক্রমের নথিপত্র জনসংযোগ দপ্তরে সংরক্ষিত থাকিবে।

**১৯.০০ বাণিজ্যিক বিজ্ঞাপন সাইনের ভাড়া/ফি'র বাৎসরিক হার:**

সার্বিক বিবেচনায় এলাকাভিত্তিক বাণিজ্যিক বিজ্ঞাপন বোর্ডের বাৎসরিক ভাড়া/ফি'র সর্বনিম্ন হার তফসিলে পরিশিষ্ট-ক এ উল্লিখিত হারে নির্ধারণ করা হইল যাহা এই নীতিমালা প্রজ্ঞাপন আকারে প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

**১৯.১ যাত্রীবাহী ট্রেনের কোচের অভ্যন্তরে বিনোদনমূলক অনুষ্ঠান প্রদর্শন সাপেক্ষে মনিটর এর মাধ্যমে বিজ্ঞাপন প্রদর্শন:**

(ক) যাত্রীবাহী কোচের অভ্যন্তরে সম্মানিত যাত্রীদের বিভ্রান্ত করে অথবা বিরক্তির উদ্রেক করে এমন বিজ্ঞাপন মনিটরে প্রচারের অনুমতি দেওয়া যাইবে না।

(খ) জাতীয় দিবস ও সরকারি নির্দেশনা সাপেক্ষে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শর্তাবলি পালন করা সাপেক্ষে সর্বোচ্চ ৩ (তিন) বৎসরের জন্য যাত্রীবাহী ট্রেনের কোচের অভ্যন্তরে চিত্ত-বিনোদনমূলক অনুষ্ঠান মনিটরের মাধ্যমে প্রদর্শন সাপেক্ষে অনুমোদিত বিজ্ঞাপন প্রচার করা যাইবে। এই ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের অনুমোদন লাগিবে (সর্বোচ্চ স্ক্রিন ২ফুট X ১.৫ ফুট, প্রতি বর্গফুট ৩০০ টাকা, বিনোদন সময়: বিজ্ঞাপন সময়-৭০:৩০)।

**১৯.২ যাত্রীবাহী ট্রেনের (আন্তঃনগর ট্রেন ব্যতিত) কোচের বাহিরে বিজ্ঞাপন প্রদর্শন:**

কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শর্তাবলি পালন করা সাপেক্ষে সর্বোচ্চ ০৩ (তিন) বৎসরের জন্য যাত্রীবাহী ট্রেনের কোচের বাহিরে অনুমোদিত বিজ্ঞাপন প্রচার করা যাইবে। এইক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের অনুমোদন লাগিবে। ন্যূনতম বিজ্ঞাপন ফি (বাৎসরিক প্রতি বর্গফুট) বিদ্যুৎ বিহীন ৫০০.০০ টাকা।

২০.০০ **তালিকা সংরক্ষণ ও বিতরণ:**

এই নীতিমালার আওতায় যাহাদের অনুকূলে বিজ্ঞাপন বোর্ড বিজ্ঞাপন স্থাপনের অনুমোদন দেওয়া হইবে উহার একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করিতে হইবে এবং উক্ত তালিকার একটি করিয়া কপি সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী, সিসিএম এবং প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা বরাবর প্রেরণ করিতে হইবে।

২১.০০ এই নীতিমালা বাস্তবায়নে কোন অনুচ্ছেদের বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হইলে বা নীতিমালায় অন্তর্ভুক্ত করা হয় নাই, এমন কোনো বিষয়ের উদ্ভব হইলে উক্ত বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২২.০০ সরকার গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে, সময় সময় এই নীতিমালা এবং/অথবা সংযুক্ত তফসিল সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করিতে পারিবে।

২৩.০০ রহিতকরণ হেফাজতকরণ: এই নীতিমালা প্রণয়নের পূর্বে জারীকৃত “বাংলাদেশ রেলওয়ের বিজ্ঞাপন নীতিমালা-২০১৩” বাতিল বলিয়া গণ্য হইবে। তবে উক্ত নীতিমালা বাতিল হওয়া সত্ত্বেও বাতিল নীতিমালা অনুসারে কৃতকাজ এই নীতিমালা অনুসারে হইয়াছে মর্মে গণ্য হইবে।

**তফসিল (পরিশিষ্ট-ক)**

| ন্যূনতম বিজ্ঞাপন ফি (বাৎসরিক প্রতি বর্গফুট) | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক | বিজ্ঞাপনের ধরন | | এলাকা | | |
| | মেয়াদ | প্রকরণ | ঢাকা মেট্রোপলিটন এলাকা (টংগী ও নারায়ণগঞ্জসহ), চট্টগ্রাম মহানগর রেলওয়ে ষ্টেশন এলাকা | সিলেট, খুলনা, ময়মনসিংহ, রাজশাহী, রংপুর বিভাগীয় শহর ও কক্সবাজার ষ্টেশন এলাকা। | অন্যান্য এলাকা |
| ১. | দীর্ঘ মেয়াদী | বিদ্যুৎ সংযোগ বিহীন বিজ্ঞাপন | ৪০০.০০ টাকা | ৩০০.০০ টাকা | ২০০.০০ টাকা |
| | | ট্রাইভিশন/বিদ্যুতায়িত বিজ্ঞাপন | ৫০০.০০ টাকা | ৪০০.০০ টাকা | ৩০০.০০ টাকা |
| | | এলইডি সাইন/টিভি/টি-সাইন | ১০,০০০.০০ টাকা | ৭৫০০.০০ টাকা | ৫০০০.০০ টাকা |
| | | হ্যান্ড পেইন্টস | ২০০.০০ টাকা | ২০০.০০ টাকা | ২০০.০০ টাকা |
| ২. | স্বল্প মেয়াদী (১৫ দিনের জন্য) | বিশেষ কোনো দিবস/উৎসব উপলক্ষে বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন স্টেশন পরিসীমার মধ্যে অস্থায়ী ভিত্তিতে এবং সহজে অপসারণযোগ্য; (প্যানাফ্লেক্স বা সমজাতীয়) | ৫০০০.০০ টাকা (স্টেশন প্রতি) | ৩০০০.০০ টাকা (স্টেশন প্রতি) | ২০০০.০০ টাকা (স্টেশন প্রতি) |
| এলইডি সাইন/এলইডি টিভি, আলোকিত বিজ্ঞাপন বোর্ড (নিয়ন সাইন) এর জন্য উল্লিখিত হারে ভাড়া পরিশোধসহ বিজ্ঞাপন বোর্ডের মালিকগণ নিজ দায়িত্বে বিদ্যুৎ সংযোগ ও বিদ্যুৎ বিল এবং স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক বিধি মোতাবেক ধার্যকৃত প্রযোজ্য করাদি (যদি থাকে) পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। উৎসব উপলক্ষে প্রদত্ত স্বল্প মেয়াদী বিজ্ঞাপনের ক্ষেত্রে বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন পরিষেবা সম্পর্কিত তথ্যাবলি সম্বলিত পর্যাপ্ত সংখ্যক প্রচারণা সামগ্রী বিজ্ঞাপনদাতা কর্তৃক প্রদেয় হইবে। | | | | | |

**সংলগ্নী-১**

বাংলাদেশ রেলওয়ে
জনসংযোগ বিভাগ

দুই কপি ছবি

বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন ও ব্র্যান্ডিং নীতিমালা-২০২৬ অনুযায়ী বিজ্ঞাপন বোর্ড স্থাপনের আবেদন পত্র।

১। আবেদনকারী/প্রতিষ্ঠান/সংস্থার নাম :

২। পিতা/স্বামীর নাম :

৩। (ক) পূর্ণ ঠিকানা (বর্তমান) ও ফোন/মোবাইল, ই-মেইল, জাতীয় পরিচয় পত্র নং

(খ) স্থায়ী ঠিকানা:

৪। বিজ্ঞাপন বোর্ড স্থাপনের আবেদিত স্থানের বিবরণ :

৫। বিজ্ঞাপন সাইনের ধরণ :

৬। বিজ্ঞাপন সাইনের পরিমাপ :

৭। আবেদিত স্থানের স্কেল অনুযায়ী লোকেশন প্ল্যান বা নক্সা এবং বিজ্ঞাপন সাইন বোর্ডের এলিভেশন প্ল্যান বা ডিজাইন সংযুক্ত করিতে হইবে।

৮। আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়ন পত্র (তফসিলভুক্ত ব্যাংকের), হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট, টিআইএন সংক্রান্ত যাবতীয় কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।

৯। আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আমার প্রদত্ত উপর্যুক্ত সকল বিবরণী সত্য ও সঠিক এবং আমি এ যাবতীয় নিয়মাবলি ও বিধি-নিষেধ মানিয়া চলিতে বাধ্য থাকিব। অন্যথায় বাংলাদেশ রেলওয়ে যে কোনো সময় আমার অনুমতি বাতিল করিতে পারিবে এবং আমার বিরুদ্ধে নীতিমালায় বর্ণিত ব্যবস্থার আওতায় যে কোনো কার্যক্রম গ্রহণ করিতে পারিবে। কোনো কারণে আমার বিজ্ঞাপন বরাদ্দ বাতিল করা হইলে আমি নির্ধারিত সময়ের মধ্যে বিজ্ঞাপন বোর্ড অপসারণ করিয়া নিতে বাধ্য থাকিব। অন্যথায় স্থাপিত বিজ্ঞাপন বোর্ড রেলওয়ে কর্তৃপক্ষ উচ্ছেদ করিয়া ক্ষতিপূরণ আদায় করিতে পারিবে।

১০। আবেদন পত্রের সাথে সংযুক্ত তথ্য বিবরণী পূরণপূর্বক দাখিল করিতে হইবে।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ:

নাম-------------------
পদবি----------------
ঠিকানা---------------
ফোন---------------

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd